গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

বিষয়: শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নূরজাহান বেগম
মাননীয় উপদেষ্টা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ : ১৭.০২.২০২৫ খ্রি.

সময় : বেলা ০৩:০০ টা

স্থান : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৩৩২, ভবন নং-৩, ৪র্থ তলা)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট-'ক'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব জনাব খন্দকার মোহাম্মদ আলী এ বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সভার কার্যবিবরণীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অংশ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

০১। সভায় উপস্থিত সদস্যগণ শহিদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | একুশে ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসমূহে পতাকা বিধিমালা অনুযায়ী (সঠিক মাপ ও রঙের) জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | • মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ২. | দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক যথাযোগ্য মর্যাদার সঙ্গে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন | যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে দেশের সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপন করতে হবে। উক্ত অনুষ্ঠানসমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিতে নির্দেশনা প্রদান করতে হবে। | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ৩. | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় জরুরি চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে কেন্দ্রীয় শহিদ মিনার এলাকায় চিকিৎসা ক্যাম্প স্থাপন ও অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখতে হবে। | আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বিকাল ০৩:০০ টা হতে ২১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত অনুষ্ঠানস্থলে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের জন্যে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকার সুবিধাজনক জায়গায় প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসক, নার্স, এ্যাম্বুলেন্স ও ঔষধসহ সিভিল সার্জন, ঢাকা ২টি চিকিৎসা ক্যাম্প স্থাপন করবেন। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করবে। জরুরি চিকিৎসা সেবা প্রদানের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগ প্রস্তুত রাখতে হবে। | • পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল<br>• সিভিল সার্জন, ঢাকা<br>• বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪. | বিবিধ | (ক) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থানসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে দুই বিভাগের সমন্বয়ে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হবে। পুষ্পস্তবক অর্পনের জন্য সংশ্লিষ্টরা ২০ তারিখ রাত ১০.৩০ টার মধ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল প্রাঙ্গনে উপস্থিত হবেন। | |

স্বাক্ষরিত
১৮/০২/২০২৫
নুরজাহার বেগম
মাননীয় উপদেষ্টা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪১.২৩.০৫০.২৪.২২৩

তারিখ: ১৮/০২/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)/ঔষধ প্রশাসন অধিদপ্তর ঢাকা (গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.১৫৫.৫৪.০০১.২০(পার্ট-১)- ৭৫৭/১(২২০)

তারিখ: ২০/০২/২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল)...............................ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),...................................................বিভাগ।
৩। পরিচালক, এমএফএসটিসি, আওরঙ্গজেব রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪। পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা ।
৫। পরিচালক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৬। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পন্যাগার, মহাখালী, ঢাকা।
৭। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়.......................... ।
৮। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এফডব্লিউ.ভিটিআই), আজিমপুর, ঢাকা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) .......................... উপজেলা ..............................জেলা।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
১১। অফিস কপি।

স্ব স্ব ইউনিট/ প্রতিষ্ঠান/ বিভাগ/জেলা/ উপজেলা পর্যায়ের অফিস প্রধানগণ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

২০/০২/২০২৫
(মেহবুব মোর্শেদ)
উপপরিচালক (পারসোনেল)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন : ৫৫০১২৩৪২

CamScanner